

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 13-03-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Assembly Session :

আজ থেকে শুরু হচ্ছে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন। চলবে ২৫শে মার্চ পর্যন্ত। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষণের মাধ্যমে অধিবেশন শুরু হবে। তারপর প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আলোচনার পর সেদিনের জন্য অধিবেশন মূলতুবি করা হবে। আগামী ১৬ই মার্চ অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৬-২৭ সালের বাজেট পেশ করবেন। এবারের অধিবেশন মোট তিনটি বিল যথাক্রমে ত্রিপুরা ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্স বিল, টেকনিক্যাল ইউনিভার্সিটি বিল এবং উইমেঞ্জ ইউনিভার্সিটি বিল উত্থাপন করা হবে।

Prime Minister's Assam visit today :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুই দিনের আসাম সফরে আসছেন। তাঁর সফরকালে, শ্রী মোদী রাজ্যে ৪৭,৮০০ কোটিরও বেশি টাকার একাধিক উন্নয়ন প্রকল্প উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী বিকেলে কোকরাঝাড়ে পৌঁছাবেন এবং

৪,৫৭০ কোটি টাকার প্রকল্পের ভূমি পূজা, ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন।

প্রধানমন্ত্রী বিটিসি এলাকার জন্য চারটি উড়ালপুল এবং দুটি সেতু সহ তৃতীয় পর্যায়ের আসাম মালা এবং ৬ নম্বর সড়ক পরিকাঠামো প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। একই অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী কোকরাঝাড়ে একটি রেলওয়ে পিরিওডিক ওভারহলিং ওয়ার্কশপের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং তিনটি নতুন ট্রেন কামাখ্যা-চার্লাপল্লি অমৃত ভারত এক্সপ্রেস, গুয়াহাটি-নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস এবং নারাজি-আগরতলা এক্সপ্রেসের উদ্বোধন করবেন। গুয়াহাটিতে যাওয়ার আগে প্রধানমন্ত্রী কোকরাঝাড়ে এক জনসভায় ভাষণ দেবেন।

New speaker :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা তাঁর সামাজিক মাধ্যমে গতকাল জানিয়েছেন, পরিষদীয় দলের বৈঠকে বিধানসভায় অধ্যক্ষ হিসেবে বিধায়ক রামপদ জমাতিয়ার নাম প্রস্তাব করা হয়েছে। মুখ্যমন্ত্রী এই তথ্য জানিয়ে বলেছেন, রামপদ জমাতিয়ার সুদীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, নিষ্ঠা ও নেতৃত্ব আগামী দিনে বিধানসভার কার্যক্রমকে আরও শক্তিশালী ও কার্যকর করতে সহায়ক হবে। তিনি বিধায়ক শ্রী জমাতিয়াকে শুভেচ্ছা জানিয়েছেন।

PM Kisan's 22ND instalment :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসামের গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী কৃষি সম্মান নিধির ২২তম কিস্তির টাকা প্রদান করবেন। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, প্রধানমন্ত্রী প্রায় ৯কোটি৩২ লক্ষ কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি সুবিধা স্থানান্তরের মাধ্যমে ১৮,৬৪০ কোটি টাকা প্রদান করবেন। তিনি আরও বলেন, এই প্রকল্পের আওতায় ইতিমধ্যেই ৪.০৯ লক্ষ কোটি টাকারও বেশি কৃষকদের কাছে স্থানান্তরিত করা হয়েছে। শ্রী চৌহান বলেন, এই কিস্তি প্রদানের ফলে মোট পরিমাণ ৪.২৭ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে যাবে।

PM-Dandi March :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৯৩০ সালের ১২ই মার্চ শুরু হওয়া মহাত্মা গান্ধীর ডান্ডি পদযাত্রার কথা তুলে ধরে গতকাল বলেছেন, স্বাধীনতা সংগ্রামের এক সন্ধিক্ষণ ছিল সেই পদযাত্রা। তিনি বলেন, আমরা বিকশিত ভারতের দীর্ঘ ও ঐতিহাসিক অভিযাত্রার এক পর্যায়ে এসে দাঁড়িয়েছি। নয়াদিল্লিতে এক বেসরকারি সংবাদ সংস্থা আয়োজিত তিন দিনের 'গ্লোবাল লিডারশিপ ফোরাম এনএক্সটি' শীর্ষ সম্মেলন- ২০২৬-এ নিজের ভাষণে তিনি বলেন, এই আলোচনার আয়োজন বিকশিত ভারতের জন্য ভূমিকা পালন করবে।

Civic Action Programme-Kailashahar :

B.S.F এর 199 ব্যাটেলিয়ানের উদ্যোগে কৈলাশহরের মনুভ্যালি চা-বাগান হাইস্কুল মাঠে গতকাল অনুষ্ঠিত হয় জনসংযোগমূলক কর্মসূচি। বাহিনীর পানিসাগর সেক্টরের D.I.G রাকেশ সিনহা এই কর্মসূচির উদ্বোধন করেন।

উপস্থিত ছিলেন, বাহিনীর কমান্ডেন্ট অতুল সাইনি সহ বি.এস.এফের পদস্থ আধিকারিকরা। এখানে স্বাস্থ্য শিবির, বিনামূল্যে ঔষধপত্র বিতরণ, সীমান্তবর্তী স্কুল ছাত্র-ছাত্রীদের মধ্যে স্কুল ব্যাগ বিতরণ ছাড়াও অস্ত্রশস্ত্রের প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। কর্মসূচিতে সর্বমোট সাত লক্ষাধিক টাকার সামগ্রী বিলি করা হয়।

ADM-Press Meet :

পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাস সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রির পর্যাপ্ত মজুত রয়েছে সিপাহীজলা জেলায়। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিকে অজুহাত দেখিয়ে কেউ যদি পেট্রোপণ্য সহ নিত্য প্রয়োজনীয় জিনিসের কালোবাজারি করে তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে প্রশাসন। গতকাল সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক উপেন্দ্র জমাতিয়া। তিনি বলেন, সাম্প্রতিক সময়ে পেট্রোপণ্য সহ বিভিন্ন জিনিসের সংকট নিয়ে রাজ্যের মুখ্য সচিবের পৌরহিত্যে ভারুয়াল বৈঠকে পরিস্থিতি যাচাই করা হয়েছে। বৈঠকে উল্লেখিত বিষয়ে কড়া পদক্ষেপের সিদ্ধান্ত গৃহীত হয় বলেও জানিয়েছেন অতিরিক্ত জেলাশাসক।

UIDAI :

আধার সিস্টেমের নিরাপত্তা আরও জোরদার করার জন্য ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া (UIDAI) তাদের প্রথম কাঠামোগত বাগ বাউন্টি প্রোগ্রাম চালু করেছে। এই উদ্যোগে অংশ নেওয়ার জন্য ২০ জন

অভিজ্ঞ নিরাপত্তা গবেষক এবং নীতিগত হ্যাকারদের একটি প্যানেল নির্বাচন করা হয়েছে। তারা UIDAI-এর অফিসিয়াল ওয়েবসাইট, myAadhaar পোর্টাল এবং সিকিউর QR কোড অ্যাপ্লিকেশনের মতো UIDAI ডিজিটাল সম্পদগুলি পরীক্ষা করবেন।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু এলাকায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস।
